গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
www.dhakadiv.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৩০০০.০১১.০৬.০৫১.২২- ১৬৭(৭) তারিখ : ১১/০৫/২০২৩

ফরম নং-২৭০
(১৯১৭ সালের বোর্ড ম্যানুয়েলের ১২৯ নং বিধি)

**আদেশপত্র**

তারিখ.........................................হইতে....................................................পর্যন্ত
জেলা..................................২০.........................সালের ............................... পর্যন্ত

**মামলার ধরণ :** জনাব অরূপ রায়, আজকের পত্রিকার প্রতিবেদকের কার্যালয়, সাভার, নামাবাজার (প্রাক্তন জনতা সিনেমা হল মার্কেট), সাভার, ঢাকা এর গত ০৭/০৫/২০২৩ তারিখের আপীল আবেদনের প্রেক্ষিতে **(আপীল মামলা নম্বর ৬৮/২০২৩)।**

| আদেশের ক্রমিক নং ও তারিখ | আদেশ ও অফিসারের স্বাক্ষর | আদেশের উপর গৃহীত ব্যবস্থা |
|---|---|---|
| **১১/০৫/২০২৩** | জনাব অরূপ রায়, আজকের পত্রিকার প্রতিবেদকের কার্যালয়, সাভার, নামাবাজার (প্রাক্তন জনতা সিনেমা হল মার্কেট), সাভার, ঢাকা এর গত ০৭/০৫/২০২৩ তারিখের আপীল আবেদনের প্রেক্ষিতে ১১/০৫/২০২৩ তারিখ আপীল শুনানীর দিন ধার্য।<br><br>**দেখলাম।** আপীলকারী অনুপস্থিত। আপীলকারীর কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায় যে, আপীলকারী জনাব অরূপ রায় তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নিম্নবর্ণিত তথ্য চেয়ে জেলা প্রশাসক, ঢাকা বরাবর গত ২৭-০২-২০২৩ খ্রি: তারিখ আবেদন করেন।<br><br>ক) গত ২৮, ২৯, ৩০ ও ৩১ অক্টোবর ২০২২ তারিখে ঢাকা জেলার সাভার উপজেলার সাভার মৌজার বংশী নদীর সাভার থানা ঘাট থেকে নামাবাজার হয়ে বাঁশপট্টি পর্যন্ত উচ্ছেদ অভিযান পরিচালনায় সরকারি কোষাগার থেকে যে টাকা খরচ হয়েছে তার পরিমান ও খাতওয়ারি খরচের ভাউচার।<br><br>**সরকার পক্ষে জেলা প্রশাসকের প্রতিনিধির বক্তব্য** :<br><br>শুনানীতে অংশ নিয়ে সরকার পক্ষে জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি জনাব ফারজানা আক্তার, সহকারী কমিশনার ও তথ্য প্রদানকারী কর্মকর্তা লিখিত ও মৌখিক বক্তব্যে জানান যে- জনাব অরুপ | |

রায় এর গত ২৭/০২/২০২৩ ইং তারিখে তথ্য প্রদানকারী কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা বরাবর তথ্য প্রাপ্তির জন্য আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে ০২/০৩/২০২৩ ইং তারিখের ৭২ নং স্মারকের মাধ্যমে জানিয়ে দেয়া হয় যে "ইহা আমাদের অফিসের এখতিয়ার ভুক্ত নয়। উপজেলা সংক্রান্ত তথ্যগুলি উপজেলা এখতিয়ার ভুক্ত বিধায় আপনাকে উপজেলা নির্বাহী কর্মকর্তা, সাভার মহোদয়ের নিকট থেকে সংগ্রহ করার জন্য আবেদন করতে অনুরোধ করা হলো।" কিন্তু জনাব অরুপ রায় উক্ত জবাবে সন্তুষ্ট না হয়ে বিভাগীয় কমিশনার, ঢাকা মহোদয়ের নিকট ১৮/০৪/২০২৩ ইং তারিখে আপিল আবেদন করেন।

**আপীলকারীর বক্তব্য** :

আপীলকারী অনুপস্থিত। আপীলকারী জনাব অরূপ রায় আপীল আবেদনে জানিয়েছেন, তিনি ঢাকা জেলা প্রশাসকের কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কোনো কর্মকর্তা কোনো তথ্য প্রদান না করায় আপীল করেছেন।

**পর্যালোচনা :** সরকার পক্ষে জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি বক্তব্য শুনলাম এবং আপীলকারী অনুপস্থিত। সরকার পক্ষ তাঁর বক্তব্য তথ্য প্রদান করতে না পারার কারন উল্লেখ করেছেন। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ২৪ ধারার (৩)(ক) উপ-ধারা অনুসারে আপীল কর্তৃপক্ষ আপীল আবেদনকারীকে অনুরোধকৃত তথ্য সরবরাহের জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশ প্রদান করিবেন, অথবা (৩)(খ) উপ-ধারা অনুসারে তদবিবেচনায় গ্রহণযোগ্য না হইলে আপীল আবেদনটি খারিজ করিয়া দিবেন।

**আদেশ** : শুনানীঅন্তে আদেশ হয় আপীলকারী জনাব অরুপ রায় এর দাখিলকৃত আবেদন এবং সরকার পক্ষে জেলা প্রশাসক, ঢাকা এর জনাব ফারজানা আক্তার, সহকারী কমিশনার ও তথ্য প্রদানকারী কর্মকর্তার লিখিত বক্তব্যের প্রেক্ষিতে আপীল আবেদনটি নামঞ্জুরপূর্বক নিষ্পত্তি করা হলো। দাখিলকৃত কাগজপত্র নথিতে সংযুক্ত করা হোক ও সংশ্লিষ্ট সকলকে আদেশের কপি সরবরাহ করা হোক।

(জহিরুল ইসলাম)
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন)
ঢাকা বিভাগ, ঢাকা।

CamScanner

স্মারক নং-০৫.৪১.৩০০০.০১১.০৬.০৫১.২২- ১৩৭ (৭) তারিখ : ১১/০৫/২০২৩

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। জেলা প্রশাসক, ঢাকা।
৫। সিনিয়র সহকারী কমিশনার (আইসিটি), বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা। (এ কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬। কমিশনারের একান্ত সচিব, ঢাকা বিভাগ, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। জনাব অরূপ রায়, আজকের পত্রিকার প্রতিবেদকের কার্যালয়, সাভার, নামাবাজার (প্রাক্তন জনতা সিনেমা হল মার্কেট), সাভার, ঢাকা।

১১/০৫/২৩

(আতিকুল ইসলাম)
সিনিয়র সহকারী কমিশনার (উন্নয়ন)
ঢাকা বিভাগ, ঢাকা।

CamScanner